
যায়যায়দিন

তারিখ 26 FEB 2008
পৃষ্ঠা ৩ কলাম ৭




# প্রফেসর সাইফুল ইসলামের বইয়ের মোড়ক উন্মোচন

ঢাকা ইউনিভার্সিটির ইনফরমেশন সায়েন্স অ্যান্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের শিক্ষক প্রফেসর ড. কে এম সাইফুল ইসলামের 'অ্যাসেনশিয়ালস অফ ক্যাটেলগিং অ্যান্ড ক্লাসিফিকেশন' শিরোনামে নতুন একটি বই প্রকাশিত হয়েছে।

গতকাল সকাল ১১টায় ঢাকা ইউনিভার্সিটির আরসি মজুমদার অডিটরিয়ামে বইটির মোড়ক উন্মোচন করেন ভিসি ড. এস এম এ ফায়েজ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা ইউনিভার্সিটির কলা অনুষদের ডিন প্রফেসর ড. সদরুল আমিন। আরো উপস্থিত ছিলেন ডিপার্টমেন্টের শিক্ষক ড. এস এম মান্নান। অনুষ্ঠানে ইনফরমেশন সায়েন্স অ্যান্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের চেয়ারম্যান ড. নাসির উদ্দিন মুন্সী বইটি সম্পর্কে বলেন, এ বইটি প্রকাশ করা ছিল সময়ের দাবি। বইটি বিদেশেও সমাদৃত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। বইটি প্রকাশ করেছে নিউ প্রগতি প্রকাশনী। কাভার ডিজাইন করেছেন অনামিকা বিশ্বাস। ছাত্রদের জন্য বইটির মূল্য ধরা হয়েছে ৩৫০ টাকা। বিজ্ঞপ্তি